রাজশাহী সিটি কর্পোরেশন
রাজশাহী
erajshahi.portal.gov.bd

## রাজশাহী সিটি কর্পোরেশন বিভিন্ন শাখা ও বিভাগীয় প্রধানগণের সাথে নবনিযুক্ত প্রশাসকের মতবিনিময় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর, প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশন |
| সভার তারিখ ও সময় | : ২০.০৮.২০২৪ খ্রিষ্টাব্দ (০৫.০৫.১৪৩১ বঙ্গাব্দ), বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | : নগর ভবনের নির্ধারিত সভাকক্ষ (এনেক্স ভবন) |
| উপস্থিতি | : পরিশিষ্ট ‘ক’ |

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সাম্প্রতিক বৈষম্য বিরোধী আন্দোলনে যারা নিহত হয়েছেন তাদের আত্মার মাগফেরাত এবং আহতদের দ্রুত আরোগ্য কামনা করা হয়। এরপর উপস্থিত কর্মকর্তাগণের সাথে পরিচয় পর্ব শেষে সভাপতি বলেন আন্দোলনকালে অত্র কর্পোরেশনের নগর ভবনে অগ্নিসংযোগ, ব্যাপক ক্ষয়ক্ষতি এবং লুটতরাজের ঘটনা ঘটেছে। এছাড়াও কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্থাপনারও ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে ফলে অত্র কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিক সেবা ব্যাহত হচ্ছে। তাছাড়া রাজস্ব আদায়ও বিঘ্নিত হচ্ছে। এমতাবস্থায় রাজস্ব আদায় কার্যক্রমসহ সকল নাগরিক সেবা চালু করার জন্য সকল শাখার কার্যক্রম দ্রুত শুরুর জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন। বর্তমান পরিস্থিতি উত্তরণের জন্য উপস্থিত সকলের মতামত আহবান করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

**সিদ্ধান্ত:**

১. **ক্ষয়ক্ষতি নিরুপন কমিটি**: নগরভবনসহ রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্থাপনার ক্ষয়ক্ষতির পরিমান নিরূপনে নিম্নবর্ণিতভাবে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হলো:

| | |
|---|---|
| প্রধান প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন | আহবায়ক |
| উপ-পরিচালক /সহকারী পরিচালক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | সদস্য |
| আরএমপি প্রতিনিধি (সহকারী পুলিশ সুপার পদমর্যাদার নিচে নহে) | সদস্য |
| নির্বাহী প্রকৌশলী (সিভিল), গণপূর্ত বিভাগ-১, রাজশাহী | সদস্য |
| নির্বাহী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল), গণপূর্ত বিভাগ-১, রাজশাহী | সদস্য |
| নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), রাজশাহী সিটি কর্পোরেশন | সদস্য |
| নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা), রাজশাহী সিটি কর্পোরেশন | সদস্য সচিব |

**কমিটি প্রয়োজনে সদস্য কো-অপট করতে পারবেন এবং বিশেষজ্ঞের মতামত গ্রহণ করতে পারবেন।**

কমিটির কার্যপরিধি:

(অ) কমিটি ক্ষয়ক্ষতি নিরূপণসহ ক্ষতির আর্থিক পরিমাণ নির্ধারণ করবেন
(আ) দায়ী ব্যক্তিদের চিহ্নিত করবেন
(ই) কমিটি ৭ কার্যদিবসের মধ্যে প্রশাসক বরাবর প্রতিবেদন দিবেন
(ঈ) ক্ষয়ক্ষতি মেরামত/পুনর্গঠন করণীয় সম্পর্কে প্রস্তাব করবেন।

চলমান পাতা-২

২. **লুন্ঠিত মালামাল ফেরত প্রদানের জন্য প্রচার:** নগরভবনসহ রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্থাপনা হতে লুন্ঠিত মালামাল ফেরত প্রদানের জন্য অত্র কর্পোরেশন এলাকায় বসবাসকারী নাগরিকগণকে উদ্বুদ্ধকরণের জন্য ব্যাপক প্রচারনার ব্যবস্থা গ্রহণ এবং প্রাপ্ত মালামাল বুঝিয়ে নেয়ার জন্য অত্র কর্পোরেশনের ষ্টোর কর্মকর্তাকে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩. **নাগরিক সেবা চালু করার হয়েছে মর্মে ব্যাপক প্রচারনা:** অত্র কর্পোরেশন কর্তৃক সকল নাগরিক সেবা চালু করার হয়েছে মর্মে ব্যাপক প্রচারনার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. **অস্থায়ী কর্মচারীর সংখ্যা যৌক্তিকীকরণ কমিটি:** রাজশাহী সিটি কর্পোরেশনে কর্মরত দৈনিক মজুরিভিত্তিক কর্মচারীদের ক্ষেত্রে যাদের কাজ নেই বা অভিযোগ রয়েছে তাদের তালিকা প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:

| | |
|---|---|
| সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন | আহবায়ক |
| প্রধান প্রকৌশলী, রাজশাহী সিটি কর্পোরেশন | সদস্য |
| প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন | সদস্য |
| প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন | সদস্য |
| প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন | সদস্য |
| বাজেট কাম হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন | সদস্য সচিব |

**কমিটি প্রয়োজনে সদস্য কো-অপট করতে পারবেন।**

কমিটির কার্যপরিধি

(অ) কমিটি দৈনিক মজুরিভিত্তিক কর্মচারীদের কর্মদক্ষতা/অভিযোগ ইত্যাদি ক্ষেত্রে গোপনে বা প্রকাশ্যে তদন্ত করতে পারবেন।

(আ) কমিটি ৭ কার্যদিবসের মধ্যে প্রশাসক বরাবর প্রতিবেদন দিবেন

(ই) যাচাই বাছাই না হওয়া পর্যন্ত দৈনিক মজুরিভিত্তিক কোন কর্মচারীদের আর্থিক সুবিধাদি দেয়া যাবে না। তবে বিশেষ ক্ষেত্রে প্রশাসকের অনুমতিক্রমে আংশিক প্রদান করা যাবে।

৫. **ড্যাসবোর্ড এ্যাক্সেস:** জন্ম মৃত্যু নিবন্ধন কার্যক্রম মনিটরিং এর জন্য রাজশাহী সিটি কর্পোরেশনকে ড্যাসবোর্ড এ্যাক্সেস দেওয়ার বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৬. **বিভিন্ন সনদে স্বাক্ষরের কর্তৃত্ব:** কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ, ওয়ারিশন সনদ ও জন্ম-মৃত্যু নিবন্ধন সনদে স্বাক্ষর প্রদানের বিষয়ে আইন ও বিধি পর্যালোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৭. **কম্পিউটার মেরামত:** বিভিন্ন রাজস্ব আদায় ও জরুরী কাজে ব্যবহৃত কম্পিউটার মেরামত ও ইন্সটল করার জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রয়োজনে আউটসোর্সিং পদ্ধতি অনুসরণপূর্বক কম্পিউটার মেরামতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৮. **নগরভবনসহ অন্যান্য স্থাপনার নিরাপত্তা:** নগরভবনসহ অন্যান্য স্থাপনার নিরাপত্তা নিশ্চিতকরণে যতটুকু সম্ভব দ্রুত দরজা-জানালা, প্রবেশ তোরণ ইত্যাদি মেরামতসহ দাপ্তরিক নিরাপত্তা নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও ওয়ার্ড পর্যায়ে নাগরিক সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিক করার স্বার্থে ওয়ার্ড কার্যালয়সমূহ (যেসকল ওয়ার্ড অফিস ক্ষতিগ্রস্থ হয়েছে) দ্রুত মেরামত, প্রয়োজনীয় ইকুইপমেন্ট সরবরাহকরণের পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-৩

৯. **প্রকল্প অগ্রগতি পর্যালোচনা:** রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত ৩ টি প্রকল্পের মধ্যে ১ টি প্রকল্পের মেয়াদ শেষ হওয়ায় উক্ত প্রকল্পের মেয়াদ ও অর্থ বরাদ্দ বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও চলমান দুটি প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। *তবে বিভিন্ন প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি ও ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম (যদি হয়ে থাকে) তা যাচাই করে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, রাজশাহী সিটি কর্পোরেশন আগামী ১০ কার্যদিবসের মধ্যে একটি প্রাথমিক প্রতিবেদন দিবেন। তিনি এ কাজে যাদের অভিজ্ঞতা ও দক্ষতা রয়েছে তাদের মতামত গ্রহণ করতে পারবেন।*

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/৮/২০২৪

(ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর)
প্রশাসক
রাজশাহী সিটি কর্পোরেশন ও
বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব)
রাজশাহী বিভাগ, রাজশাহী

স্মারক নম্বর : ৪৬.১২.০০০০.০০৩.০৭.০৮৮.২৪. তারিখ: ২০/০৮/২০২৪

অনুলিপি জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

(১) সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটান পুলিশ
(৩) জেলা প্রশাসক, রাজশাহী।
(৪) বিভাগীয় প্রধান......................................(সকল), রাজশাহী সিটি কর্পোরেশন।
(৫) বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, রাজশাহী সিটি কর্পোরেশন।
(৬) বিভাগীয় কমিশনার এর একান্ত সচিব, রাজশাহী বিভাগ, রাজশাহী।
(৭) সংশ্লিষ্ট নথি।

প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন